# আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬ : ২৬

## আরবি মূল আয়াত:

وَ مِنَ الَّیۡلِ فَاسۡجُدۡ لَهٗ وَ سَبِّحۡهُ لَیۡلًا طَوِیۡلًا ﴿۲۶﴾

## অনুবাদসমূহ:

আর রাতের একাংশে তার উদ্দেশ্যে সিজদাবনত হও এবং দীর্ঘ রাত ধরে তাঁর তাসবীহ পাঠ কর। — আল-বায়ান

আর রাতের কিছু অংশে তাঁর জন্য সেজদায় অবনত হও আর রাতের দীর্ঘ সময় ধরে তাঁর মহিমা বর্ণনা কর। — তাইসিরুল

রাতের কিয়দংশ তাঁর প্রতি সাজদায় নত হও এবং রাতের দীর্ঘ সময় তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। — মুজিবুর রহমান

And during the night prostrate to Him and exalt Him a long [part of the] night. — Sahih International

২৬. আর রাতের কিছু অংশে তাঁর প্রতি সিজদাবনত হোন আর রাতের দীর্ঘ সময় তার পবিত্রতা ও মহিমা ঘোষণা করুন।

-

তাফসীরে জাকারিয়া

(২৬) রাত্রির কিয়দংশে তাঁকে সিজদাহ কর এবং রাত্রির দীর্ঘ সময় তাঁর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। [1]

[1] কেউ কেউ এর অর্থ নিয়েছেন মাগরিব ও এশার নামায। আর ‘তাসবীহ’ করার অর্থ হল, যে কথাগুলো আল্লাহর জন্য উপযুক্ত নয়, তা থেকে তাঁকে পবিত্র ঘোষণা কর। কারো নিকটে এর অর্থ হল, রাতের নফল নামায। অর্থাৎ, তাহাজ্জুদের নামায। আর এখানে ‘আদেশ’ ইস্তিহবাব (যা করলে নেকী হয়, না করলে কোন পাপ হয় না) অর্থে ব্যবহার হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5617

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন